



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং-৭জি-২৪১(ক-৩)/২০০৭/২৬০৭/০

তারিখ: ২৪/০৩/১৪২৬ বঙ্গাব্দ:
০৮/০৭/২০১৯ খ্রিস্টাব্দ


বিষয়: বগুড়া জেলার বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজের ভূগোল বিষয়ের প্রভাষক জনাব মোঃ মোজাম্মেল হক এর ০৭ কোডে এমপিওভুক্তি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার বগুড়া ক্যান্টনমেন্ট স্কুল এন্ড কলেজের ভূগোল বিষয়ের প্রভাষক মোঃ মোজাম্মেল হক এর ০৭ কোডে এমপিওভুক্তির জন্য উপপরিচালক, রাজশাহী অঞ্চলের মাধ্যমে অধ্যক্ষ আবেদন করেছেন।

বগুড়া ক্যান্টনমেন্ট স্কুল এন্ড কলেজের ভূগোল বিষয়ের প্রভাষক মোঃ মোজাম্মেল হক তার আবেদনে জানান, তিনি বর্ণিত কলেজে ০১/০৯/২০১২খ্রি. তারিখ থেকে কর্মরত আছেন। পূর্বে তিনি নওহাটা মহিলা ডিগ্রি কলেজ, রাজশাহীতে ১৪/১২/১৯৯৮খ্রি. হতে ২৯/০৪/২০১১খ্রি. তারিখ পর্যন্ত কর্মরত ছিলেন। নওহাটা মহিলা ডিগ্রি কলেজ মে/১৯৯৯ মাসে প্রথম এমপিওভুক্ত হন। নভেম্বর/২০১০ মাসে তিনি টাইমস্কেল পেয়ে ০৭ কোডে বেতনভাতা প্রাপ্ত হন। বগুড়া ক্যান্টনমেন্ট স্কুল এন্ড কলেজে যোগদানের পর ২০১২-১৩ শিক্ষাবর্ষ হতে উচ্চ মাধ্যমিক পর্যায়ে ভূগোল বিষয় খোলার অনুমোদন পত্রে সংশ্লিষ্ট বিষয়ে নিয়োগকৃত শিক্ষকের এমপিওভুক্তিকরণ শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ১৩/১১/২০১১খ্রি. তারিখের জারিকৃত প্রজ্ঞাপনে স্থগিত থাকায় এমপিওভুক্ত হওয়া সম্ভব হয়নি। ৩১/১২/২০১৭খ্রি. তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৪. ০০২.২০১৪(খন্ড-১)-৭১১ এবং ২২/০১/২০১৮খ্রি. তারিখের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ওএম-০৩-ম/২০১২/৮০৪/৮ মোতাবেক সংশ্লিষ্ট বিষয়ে এমপিওভুক্তির অনুমতি প্রদান করা হয়। ফলে তিনি ০৭ কোডে এমপিওভুক্ত হওয়ার জন্য আবেদন করেন। উপ-পরিচালক (রাজশাহী অঞ্চল) বর্ণিত শিক্ষকের ০৭ কোডে এমপিওভুক্তির বিষয়ে মতামত চেয়েছেন।

বগুড়া জেলার বগুড়া ক্যান্টনমেন্ট স্কুল এন্ড কলেজের ভূগোল বিষয়ের প্রভাষক মোঃ মোজাম্মেল হক পূর্বে নওহাটা মহিলা ডিগ্রি কলেজ, রাজশাহীতে মে/১৯৯৯ মাসে এমপিওভুক্ত হন। তার ইনডেক্স নং- ৪৩৩১৫০ এবং নভেম্বর/২০১০ মাসে তিনি ০৭ কোডে বেতন ভাতা প্রাপ্ত হন। প্রতিষ্ঠান পরিবর্তনের কারণে ১৩/১১/২০১১খ্রি. তারিখের প্রজ্ঞাপন থাকায় তার এমপিও স্থগিত হয়। বর্তমানে তিনি ০৭ কোডে এমপিওভুক্ত হতে পারেন।

বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।


০৬.০৭.১৯

(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (ক-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭



উপপরিচালক
রাজশাহী অঞ্চল
রাজশাহী।

অনুলিপি:

- ১। অধ্যক্ষ, বগুড়া ক্যান্টনমেন্ট স্কুল এন্ড কলেজ, বগুড়া।
- ২। সভাপতি, বগুড়া ক্যান্টনমেন্ট স্কুল এন্ড কলেজ, বগুড়া।
- ৩। জেলা শিক্ষা অফিসার, বগুড়া।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, বগুড়া।
- ৫। সংরক্ষণ নথি।